# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ যাকাত

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ঋণে দেওয়া টাকা বা অন্য কাজে পড়ে থাকা টাকার যাকাত দিতে হবে কি?

নিসাব পরিমাণ টাকা কাউকে ঋণ দেওয়া থাকলে, কিছুর ভাড়া আদায় বাকি থাকলে, মালের মূল্য বকেয়া থাকলে, দেনমোহর বাকি থাকলে আদায় হওয়া মাত্র সেই বছরের যাকাত আদায় দিতে হবে। এর পূর্বের বছরগুলো যাকাত লাগবে না। বলা বাহুল্য, যদি কোন এমন ব্যক্তি বা সংস্থাকে ঋণ দেওয়া থাকে, যার নিকট চাওয়া মাত্র পরিশোধ পাওয়া যাবে না, তাহলে এমন ঋণে দেওয়া টাকার যাকাত আদায় করা ফরয নয়। অবশ্য পরিশোধ পেলেই সেই বছরের যাকাত (বছর পূর্ণ না হলেও) আদায় করতে হবে।

তদানুরুপ হারিয়ে যাওয়া অথবা চুরি হয়ে যাওয়া মাল ফিরে পেলে ঐভাবেই যাকাত আদায় করতে হবে। যেমন পেনশনের টাকা এক সাথে নিসাব পরিমাণ পেলে তাঁর (১ বছরের) যাকাত সাথে সাথে আদায় করতে হবে। ২২৯ (মাজমূউ ফাতাওয়া ইবনে উষাইমীন ১৮/১৭৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=172

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন